

DAFF BANGLADESH



(Development Assistance for Farmers & Farm Labourers Bangladesh)

A sister Concern of Pathashishu Kalyan Trust

Somajseba Odhidaptar Reg. No. Nabab- 155-1990

NGO Affairs Bureau Reg.No. 2226/2007

Govt. RJSC Reg. No. S-3707(496)/2004

VAT Reg. No. 9111120528 Area Code-90401

TIN No. DAFF Bangladesh 147-400-0226/Circle-47 Zone-5 Dhaka

Website: www.pathashishukalyantrust.com Cell: 01711-435579

প্রাপ্তি নং	তারিখ- ১৭/০৫/২০১৪
পরীক্ষা	উপস্থাপন করণ
ডাকরি	উপস্থাপন করণ
স্বাক্ষর	স্বাক্ষর
উপজেলা নির্বাহী অফিসার, আশুগঞ্জ	

Ref: ঢাকা মশক নিবারণী দপ্তর পত্র স্মারক নং- ৪৬.২০.০০০০.০০০.১০.০০১. ৬৩৫/১(৪১)

Date: ২৮.০৩.২০২৪

তারিখ- ২২/১১/২০২২ (কপি সংযুক্ত)।

স্মারক: ড্যাফ-২০২৪(১০২)

বিষয়: মশক নিধন ও জলবায়ুর বিরূপ বৈচিত্রতার কুপ্রভাব থেকে বাংলাদেশকে মুক্ত রাখতে সরকারি-বেসরকারি অফিস প্রাপ্তনে, শিক্ষা প্রতিষ্ঠানের আঙ্গিনায় এবং পরিবার প্রতি অন্তত পক্ষে ০২ টি করে হাইব্রিড জাতের নিম গাছ রোপন প্রসঙ্গে।

প্রাপক :

উপজেলা নির্বাহী কর্মকর্তা

আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়ীয়া।


প্রিয় মহোদয়,

বৈশ্বিক জলবায়ুর বিরূপ প্রভাবে আবহাওয়ার তীব্রতা থেকে রক্ষা পেতে ও ক্ষতিকর কীটপতঙ্গ যেমন- মশা ধ্বংস করতে হাইব্রিড জাতের নিমগাছ রোপন আজ বিশ্বে সমাদৃত। পরিবেশের ভারসাম্য রক্ষায় সরকারি-বেসরকারি উদ্যোগ বাংলাদেশে প্রায় অবহেলিত। উপর্যুক্ত বর্ণিত বিষয়ের সুফল সম্পর্কে জানতে অনুগ্রহ করে ভিজিট করুন- <http://:nap.nationalacademies.org.read/1924/chapter/6> এর ৩৯-৫০ পৃষ্ঠা। বিশ্বের উন্নত দেশগুলো যেখানে নবায়নযোগ্য জ্বালানীর উৎস, জলবায়ুর বিরূপ প্রভাব থেকে পরিত্রাণ পেতে প্রাকৃতিক উৎস ব্যবহারে গবেষণা চালিয়ে সফলকাম হচ্ছে সেখানে আমাদের দেশে শীতাতপ যন্ত্র ব্যবহারে, অতি আধুনিক গাড়ী ব্যবহারে প্রতিযোগিতা চালিয়ে যাচ্ছি যা কাম্য নহে। আবহাওয়া নিয়ন্ত্রণে ও মশক নিধনে নিমগাছ আজ বিশ্বে সমাদৃত। পরিবেশের ভারসাম্য রক্ষায় ড্যাফ বাংলাদেশ সারাদেশে এক কোটি হাইব্রিড জাতের নিমগাছ রোপনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। এ বিষয়ে ইন্ডিয়া মার্ট কর্তৃপক্ষের সাথে ড্যাফ বাংলাদেশ এর সমঝোতা স্মারক চুক্তি সম্পাদিত হয়েছে। আপনার নিয়ন্ত্রণাধীন অফিস ও উপজেলা সমূহে অবস্থিত সরকারি অফিস সমূহের প্রধানকে তাঁদের অফিসের খোলা যায়গায় আমাদের সরবরাহকৃত হাইব্রিড জাতের নিমগাছ রোপনের জন্য অবহিত করা প্রয়োজন। এতদসংক্রান্ত বিষয়ে আগ্রহী অফিস প্রধান যাতে নিমগাছের টব সহ চারা সরবরাহ পেতে পারে তার জন্য ড্যাফ বাংলাদেশ এর জনসংযোগ কর্মকর্তা জনাব সায়েদুল হক মোবাইল নং ০১৩৩৩৪০৭৮৫৪ এ তাদের সরবরাহ আদেশ নিশ্চিত করণে যোগাযোগ করতে পারে। আপনার সরকারি ওয়েবসাইটের সিস্টেম এনালিস্ট এর মাধ্যমে প্রার্থিত বিষয়ে নোটিশ আকারে সার্কুলার প্রদান করলে আমাদের উদ্দেশ্য সফলতার মুখ দেখতে পারে। উল্লেখ্য যে, গ্রাহকের নির্দিষ্ট স্থানে নিমগাছ রোপন কার্যাদি সম্পাদনের পর জৈব সার ও টব বাবদ গাছ প্রতি ২৫০.০০ (দু'শ পঞ্চাশ) টাকা গ্রহণ করা হয়। গাছের বাৎসরিক পরিচর্যা, জৈব ও রাসায়নিক সার বিনামূল্যে সরবরাহের বিধিমালা ড্যাফ বাংলাদেশ এ অনুমোদিত হয়েছে।

অতএব, মশক নিধন এবং জলবায়ুর উষ্ণতা নিরসনে নিমগাছ রোপনে ড্যাফ বাংলাদেশ এর উদ্যোগ সাফল্যমন্ডিত করতে উপরোক্ত প্রার্থিত বিষয়ে ব্যবস্থা গ্রহণে আপনার সিস্টেম এনালিস্টকে নির্দেশনা দিলে বাধিত হব। আপনার বিশ্বস্ত-

সংযুক্তিঃ

সূত্রে উল্লেখিত পত্রের কপি।



মোঃ ফজলুল হক

প্রধান নির্বাহী কর্মকর্তা